Department of Education
Chancellor Richard A. Carranza

6 অগাস্ট, 2020

প্রিয় পরিবারবর্গ,

আপনার সন্তানের স্কুলের শিক্ষক ও কর্মীগণ এবং DOE-এর আমরা সকলে সেপ্টেম্বরে স্কুলে ফিরে যাবার জন্য একটি সুরক্ষিত এবং স্বাস্থ্যকর পরিবেশ প্রস্তুত করতে দিনরাত কাজ করে যাচ্ছি। আমাদের পরিকল্পনার গুরুত্বপূর্ণ একটি অংশ নির্ভর করে আপনার উপর! আজ আমি কিছু বাড়তি তথ্য দিয়ে এই চিঠি লিখছি এবং সেপ্টেম্বরের দিকে এগিয়ে যাবার সময় কিছু গুরুত্বপূর্ণ বিষয়ও মনে করিয়ে দিতে চাই।

সকল স্কুল বর্তমানে প্রস্তুত হচ্ছে মিশ্র (ব্লেন্ডেড) শিক্ষা মডেলের জন্য। মিশ্র শিক্ষা মডেল বলতে বুঝায়, শিক্ষার্থীরা শিক্ষণের কিছু সময় স্কুল বিল্ডিংয়ে স্বশরীরে উপস্থিত হয়ে শিখবে, এবং সপ্তাহের বাকি দিনগুলিতে বাড়িতে তাদের রিমোট লার্নিং অব্যাহত রাখবে। যেকোনো পরিবার যেকোনো কারণে পুরোটাই দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং এই ফল (হেমন্তকাল)-এ) বেছে নিতে পারে। **আপনার যদি সবটাই রিমোট লার্নিংয়ে অগ্রাধিকার থাকে, আমরা আপনাকে অনুরোধ জানাবো** schools.nyc.gov/returntoschool2020 **সাইটে একটি ওয়েব ফর্ম পূরণ অথবা 311 নম্বরে ফোন করে এই শুক্রবার, 7 অগাস্টের মধ্যে সেটি জানাতে।** আপনি যদি মিশ্রিত লার্নিং দিয়ে শুরুও করেন, আপনি পরে সেটিকে পুরোপুরি-রিমোট লার্নিংয়ে পরিবর্তনও করতে পারবেন, কিন্তু স্কুলগুলিকে পুনরায় খোলার বিষয়ে সহায়তাদানের সর্বোত্তম উপায় হিসেবে, আমরা চাই যে, যাদের 100% রিমোট লার্নিংয়ে অগ্রাধিকার রয়েছে তারা যেন এই শুক্রবার, 7 অগাস্টের মধ্যে সেটি আমাদেরকে জানিয়ে দেয়।

**আপনার যদি এই হেমন্তে (ফল) সবটা রিমোট লার্নিংয়ে অগ্রাধিকার থাকে তাহলে এখন এই সংক্ষিপ্ত ফর্মটি পূরণ করুন**

আপনি যখন বিবেচনা করছেন আপনার সন্তানের জন্য কোন্ শিক্ষণ মডলটি সর্বোত্তম, আমি আবার আমাদের গাইডিং নীতিগুলির কথা উল্লেখ করছি যা প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার জন্য প্রযোজ্য: প্রত্যেক শিক্ষার্থী প্রতি সপ্তাহে পাঁচদিন শিখবে, এবং শিক্ষকগণ উচ্চ-মানের শিক্ষানির্দেশনা প্রদান অব্যাহত রাখবেন যা সকল শিক্ষণ পরিবেশে সংস্কৃতিগতভাবে সংবেদনশীল, কঠোর এবং সকল শিক্ষার্থীর বেড়ে ওঠায় উপযুক্ত।

আমরা মিশ্র এবং পুরোপুরি-দূর থেকে বা রিমোট শিক্ষা পদ্ধতি - উভয় বিষয়ে নিচে কিছু বাড়তি তথ্য শেয়ার করছি যাতে এই বাছাইয়ের কাজটি আপনি ভালভাবে করতে পারেন। গত জুলাইয়ে রিমোট এবং মিশ্র শিক্ষা বিষয়ে পরিবারগুলিকে যেসব তথ্য দিয়ে চিঠি পাঠানো হয়েছে, সেসব তথ্যকে এটি আরও সমৃদ্ধ করবে, যা আপনি পেতে পারেন schools.nyc.gov/messagesforfamilies সাইটে।

## শিক্ষা দান এবং শেখার ধরন

আপনার সন্তান মিশ্র শিক্ষা অথবা শতকরা 100 ভাগ রিমোট লার্নিং - যেটিতেই অংশ নিক না কেন, সে শিক্ষানির্দেশনা লাভ করবে 1) তার শিক্ষকদের সাথে সরাসরি আলাপ চারিতায় অংশগ্রহণের মাধ্যমে এবং 2) স্বাধীনভাবে স্কুলের দিনে এবং সপ্তাহব্যাপী তার অ্যাসাইনমেন্ট ও প্রোজেক্ট শেষ করার মধ্য দিয়ে।

## শিক্ষক

যেসব শিক্ষার্থী, অধিকাংশ সময় রিমোট লার্নিংয়ে সংশ্লিষ্ট থাকবে, তাদরকে তাদের স্কুল কম্যুনিটির শিক্ষকগণ শিক্ষা দেবেন। যদিও একটি একটি করে স্কুল ভিত্তিতে সীমিত ব্যতিক্রম থাকতে পারে, পিতামাতাগণ প্রত্যাশা করতে পারেন যে তাদের সন্তানদেরকে শিক্ষা বছর শুরুর আগে যখন পূর্ণ সময়সূচি দেয়া হয়, তখনই তাদের স্কুল কমিউনিটি থেকে শিক্ষক নির্ধারণ করা হবে।

Department of Education
Chancellor Richard A. Carranza

### চারিতায় অংশগ্রহণ-সরাসরি আলাপ

শিক্ষকগণ আমাদের পূর্ণ রিমোট শিক্ষার্থীদের জন্য প্রতিদিন লাইভ শিক্ষানির্দেশনা দেয়ার পাশাপাশি যারা মিশ্রিত শিক্ষণ মডেলে অংশ নিচ্ছে তাদেরকেও শিক্ষা প্রদান করবেন। শিক্ষকগণ আমাদের সর্বকণিষ্ঠ শিক্ষার্থীদের জন্য স্কুল দিনব্যাপী সংক্ষিপ্ত বিরতির (15–20 মিনিট পর পর) মাধ্যমে লাইভ শিক্ষানির্দেশনা প্রদান করবেন এবং শিক্ষার্থীর উন্নতি এবং তার গ্রেড লেভেলর ভিত্তিতে এই সময় দীর্ঘায়িতও হতে পারে। আমরা আগামী সপ্তাহগুলোতে লাইভ শিক্ষানির্দেশনার বাড়তি তথ্য শেয়ার করবো।

### সময়সূচি পোস্ট করা

স্কুলগুলি ক্লাসের সময়সূচি পোস্ট করবে এবং সকল শিক্ষার্থীর জন্য লাইভ শিক্ষানির্দেশনার সময়সূচি - পূর্ণ রিমোটের পাশাপাশি যারা মিশ্রিত শিক্ষণে অংশ নিচ্ছে তাদর জন্য - অনলাইনেও এগুলি দেয়া হবে। এই সময়সূচিগুলিতে আপনার অগ্রিম যাবার সুবিধা থাকবে যাতে আপনি আপনার কাজ এবং পরিবারেরর প্রতিশ্রুতি রক্ষা করতে পারেন। স্কুলগুলি শিক্ষার্থীদেরকে নিশ্চিত করবে যাতে তাদের শিক্ষকগণ এবং সহপাঠীরা উচ্চ-মানের শিক্ষানির্দেশনার জন্য পর্যাপ্ত সময় দেন।

### সরাসরি সহায়তা

শিক্ষকদের প্রতি স্কুল দিবসে নিবেদিত কিছু সময় থাকবে যাতে তারা ভিডিও কনফারেন্স অথবা ফোনে শিক্ষার্থী এবং তাদের পরিবারের সাথে যোগাযোগ রাখতে পারেন। আমরা আপনাকে এই সময়টির সুযোগ নিতে উৎসাহ প্রদান করিছ যাতে আপনার সন্তানের অগ্রগতি এবং শিক্ষণ সম্পর্কিত গাইডেন্স এবং হালনাগাদ তথ্য আপনি পেতে পারেন।

### ক্লাসরুমে লাঞ্চ

স্বশরীরে উপস্থিত শিক্ষার্থীদের জন্য লাঞ্চ হবে, অধিকাংশ সময়ে, শিক্ষানির্দেশনার সময়, যা মডেল করা হয়েছে ব্রেকফাস্ট ইন দ্যা ক্লাসরুম প্রোগ্রামের উপর। এলিমেন্টারি স্কুলগুলিতে, উদাহরণস্বরূপ, লাঞ্চের সময়ে, শিক্ষার্থীরা শিক্ষণ কর্মকাণ্ডে অংশ নেবে যা হবে হাসি-কৌতুকের, সংযোগ তৈরির, এবং সমৃদ্ধ, যেমন ইন্টারঅ্যাকটিভ শব্দ-করে পড়া, সামাজিক-মানসিক শিক্ষণ, মিউজিকের মাধ্যমে নানান বিষয় শেখার। মিডল্ এবং হাই স্কুলগুলোতে, লাঞ্চের সময়ে, শিক্ষার্থীরা নির্দিষ্ট বিষয়ের উপর সংশ্লিষ্ট থাকবে। স্বশরীরে উপস্থিত থাকার শিক্ষণে এবং এই সময়ে পান-আহার করার সময়ে স্কুলগুলি সকল স্বাস্থ্য এবং সুরক্ষার গাইডলাইন মেনে চলবে।

### কমিউনিটি বিল্ডিং

সকল শিক্ষার্থীর এমন রুটিন থাকবে যা কমিউনিটি গড়া, দিন কেন্দ্রীক, তাদের সাফল্যের জন্য প্রস্তুত করে। সাধারণ স্কুল কমিউনিটি একটি অবিচ্ছেদ্য অংশ এমন একটি কমিউনিটি - এবং সম্পর্ক তৈরির অভিজ্ঞতাযুক্ত রুটিন সকল শিক্ষার্থী পাবে। উদাহরণ হিসেবে, এর মধ্যে থাকতে পারে প্রতিদিনের সকালের মিটিং যেখানে শিক্ষক শিক্ষার্থীদেরকে সামাজিক-মানসিক কল্যাণ এবং কমিউনিটি-গড়া সম্পৃক্ত কর্মকাণ্ডে সংশ্লিষ্ট করেন, অথবা দিনের একটি শেষ কর্মকাণ্ড যেখানে শিক্ষক সারাদিন যা শিখিয়েছেন তার একটি সার-সংক্ষেপ দেন, এবং শিক্ষার্থীরা যাতে পরের দিনের জন্য প্রস্তুত হয়। আমাদের স্কুলের প্রথম দিনটি এগিয়ে আসার সাথে সাথে স্কুলগুলি এবং শিক্ষকগণ এ ব্যাপারে আরও তথ্য শেয়ার করবে।

### সোশ্যাল - ইমোশন্যাল সাপোর্ট

আমরা জানি এই মহামারির বর্তমান পরিস্থিতিটি আপনার এবং আপনার সন্তানদের জন্য অত্যন্ত কঠিন একটি সময়। শিক্ষার্থীরা তাদের শিক্ষক, সহপাঠী, এবং স্কুল কমিউনিটি থেকে আলাদা হয়ে আছে। এই কারণে, আমরা শিক্ষক, স্কুল-ভিত্তিক স্কুল কর্মী, এবং শিক্ষার্থীদেরকে স্কুল বিল্ডিংয়ের সাথে পুনরায় মানিয়ে নিতে এবং এইসব পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে সময় দিচ্ছি। এছাড়া, আমরা শিক্ষার্থীদের দিনগুলিতে যতটা সম্ভব সর্বোচ্চ সামাজিক-মানসিক কর্মকাণ্ডের সমন্বয় সাধন করে ভীতি-সজ্ঞাত প্রযত্ন তাদের অ্যাকাডেমিক বিষয়ে অন্তর্ভুক্ত করবো। স্কুল বছরব্যাপী আমরা মানসিক স্বাস্থ্য সহায়তাকেও অগ্রাধিকার দেবো।

### গ্রেডিং

সকল শিক্ষার্থী অবশ্যই তাদের একই অ্যাকাডেমিক শর্ত পূরণ করবে, সেটি পূর্ণ রিমোট অথবা মিশ্রিত শিক্ষণ - যে পদ্ধতিই তারা বেছে নিক না কেন। আপনার সন্তানের ক্লাসওয়ার্ক যে শিক্ষক তত্ত্বাবধান করছেন তিনিই শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের ডিজাইন অথবা মূল্যায়ন প্রক্রিয়া বাছাইয়ের

**Department of Education**
Chancellor Richard A. Carranza

জন্য দায়বদ্ধ থাকবেন। এর অন্তর্ভুক্ত থাকতে পারে প্রোজেক্ট, অনলাইন প্ল্যাটফর্মের ভিতরে অথবা বাইরে গৃহীত পরীক্ষা, পোর্টফোলিও, এবং শিক্ষার্থীর দক্ষতা পরিমাপের অন্যান্য উপাদান।

এতে কোন সন্দেহ নেই যে আমরা সবাই মার্চ মাস থেকে অনেক কিছু শিখেছি - উভয় ভাইরাসের ব্যাপারে, এবং এই অনিশ্চিত সময়ে আমাদের শিক্ষণকে এগিয়ে নিয়ে যাবার ক্ষমতা সম্পর্কে। এই কারণেই আমরা কোন কিছুর সাথে আপোস করবো না বরং আমাদের সর্বোচ্চ কঠোর এবং সংশ্লিষ্টকরণমূলক শিক্ষা নির্দেশনা আপনার সন্তানের জন্য অব্যাহত রাখবো, সে আপনি যে শিক্ষণ মডেলই বেছে নেন না কেন। আপনার চাহিদা - আপনার সন্তানের চাহিদাগুলির সাথে এবং যেসকল কর্মী তাদের পরিষেবা দেবেন তাদের চাহিদা - সবই আমাদের স্কুলে ফিরে যাবার পরিকল্পনার কেন্দ্রে থাকা অব্যাহত রইবে।

আমরা আসন্ন দিন ও সপ্তাহগুলোতে আরো তথ্য প্রদান করবো। সব সময়ের মতো, আমরা আপনাকে পরবর্তী বছরটি আমাদের জন্য কী আনবে সেসম্পর্কিত সর্বশেষ তথ্যের জন্য schools.nyc.gov/returntoschool2020 সাইটে যেতে পরামর্শ দিচ্ছি।

DOE পরিবারের অংশ হবার জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন